**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৬১

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ১০২৭তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব মাসুদ খান এর সভাপতিত্বে ১০২৭তম কমিশন সভা অদ্য ০১/০৯/২০২৬ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। 'Bangladesh Securities and Exchange Commission (Direct Listing of Securities by Stock Exchange) Rules, 2026' এর খসড়া অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এটি খুব শ্রীঘ্রই জনমত যাচাই এর জন্য পত্রিকায় ও কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উল্লেখ্য, প্রস্তাবিত 'Bangladesh Securities and Exchange Commission (Direct Listing of Securities by Stock Exchange) Rules, 2026' অনুযায়ী বিদ্যমান শেয়ারহোল্ডারদের মালিকানাধীন শেয়ার অফলোডের (অন্তত ১০%-২০%) মাধ্যমে, Initial Public Offering (IPO) ছাড়াই কোনো কোম্পানির সিকিউরিটিজ স্টক এক্সচেঞ্জে Direct Listing-এর সুযোগ সৃষ্টি হবে। প্রস্তাবিত বিধিমালা অনুযায়ী সরকারের সম্পূর্ণ বা সংখ্যাগরিষ্ঠ মালিকানাধীন কোম্পানি, কোম্পানির পরিশোধিত মূলধনের কমপক্ষে ১০% সরকারের প্রত্যক্ষ বা পরোক্ষ মালিকানাধীন কোম্পানি, বিদেশি শেয়ারহোল্ডারদের সম্পূর্ণ বা সংখ্যাগরিষ্ঠ মালিকানাধীন কোম্পানি, কমপক্ষে ৩০০ কোটি টাকা পরিশোধিত মূলধনসম্পন্ন BTRC-অনুমোদিত টেলিযোগাযোগ ও ICT-সংশ্লিষ্ট সেবা প্রদানকারী অথবা ICT অবকাঠামো অথবা উৎপাদনকারী কোম্পানি, কমপক্ষে ৩ বছরের কার্যক্রম পরিচালনাকারী তফসিলি ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও বীমা কোম্পানি, কমপক্ষে ৫০০ কোটি টাকা বার্ষিক টার্নওভার বা মোট সম্পদসম্পন্ন কোম্পানি এবং কমিশনে নিবন্ধিত স্টক এক্সচেঞ্জ, ডিপোজিটরি ও সেন্ট্রাল কাউন্টারপার্টি নির্ধারিত অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে কোম্পানিসমূহের শেয়ার স্টক এক্সচেঞ্জে Direct Listing করতে পারবে।

২। কমিশনের ২০ মে ২০২৪ তারিখের Directive No. BSEC/CMRRCD/2009-193/77-এর প্রাসঙ্গিক বিধানসমূহ পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সংশোধন অনুযায়ী, 'Z-category company'-এর কোনো Sponsor বা Director-এর শেয়ার/ইক্যুইটি সিকিউরিটিজ লেনদেন বা হস্তান্তরের ক্ষেত্রে, বিশেষ করে, ঋণখেলাপির কারণে শেয়ার বাজেয়াপ্ত (confiscation) এবং শেয়ারহোল্ডারের মৃত্যুর ক্ষেত্রে শেয়ার transmission-এর জন্য কমিশনের পূর্বানুমোদনের প্রয়োজন হবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জসমূহ প্রযোজ্য Listing Regulations অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩। তালিকাভুক্ত কোম্পানিসমূহের বিদেশি শেয়ারহোল্ডারদের লভ্যাংশ প্রেরণ সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী, সংশ্লিষ্ট কোম্পানিসমূহকে বিদেশি শেয়ারহোল্ডারদের জন্য ঘোষিত/অনুমোদিত লভ্যাংশ প্রেরণের উদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ড (NBR) হতে Double Taxation Avoidance (DTA) Certificate প্রাপ্তির তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এবং সংশ্লিষ্ট অর্থবছরের মধ্যেই উক্ত লভ্যাংশ প্রেরণ করতে হবে। এছাড়া, স্থানীয় শেয়ারহোল্ডারদের মধ্যে লভ্যাংশ বিতরণ সম্পন্ন হওয়ার পর Preliminary Dividend Compliance Report দাখিল করতে হবে এবং বিদেশি শেয়ারহোল্ডারদের লভ্যাংশ প্রেরণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে Dividend Compliance Report কমিশন ও সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে দাখিল করতে হবে।

৪। অদ্যকার সভায় ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস পণ্য চালুর লক্ষ্যে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) কর্তৃক দাখিলকৃত কর্মপরিকল্পনা অনুমোদিত হয়েছে। উক্ত কর্মপরিকল্পনার মধ্যে রেগুলেটরি উদ্যোগ, সিস্টেম উন্নয়ন ও অবকাঠামো তৈরি, ক্লিয়ারিং-সেটেলমেন্ট ও ঝুঁকি ব্যবস্থাপনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়াদি অন্তর্ভুক্ত রয়েছে। ডিএসই-এর এই কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা কমিশন কর্তৃক পর্যবেক্ষণের বিষয়টিও সভায় অনুমোদিত হয়েছে। এ সিদ্ধান্তের আলোকে কমিশন নিয়মিত ভিত্তিতে ডিএসই-এর উক্ত কার্যক্রম মনিটর করবে। প্রাথমিক ডেরিভেটিভস পণ্য হিসেবে ইনডেক্স ফিউচার দিয়ে এ লেনদেন শুরু হবে এবং পরিকল্পনা মোতাবেক ২০২৮ সালের জানুয়ারি মাসে ঢাকা স্টক এক্সচেঞ্জে ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস পণ্যের আনুষ্ঠানিক লেনদেন শুরু হবে বলে আশা করা যাচ্ছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

০১/০৯/২০২৬

মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র